মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

নতুন উপশহর, যশোর
ফোন- ০৪২১-৬৮৬৬৬ , ফ্যাক্স-০৪২১-৬৮৬৯৫
ওয়েব- www.jessoreboard.gov.bd

স্মারক নং ঃ উমা/পনি/বিজ্ঞপ্তি/ ১৭১২ *তারিখ ঃ* ৮/১১/১২

২০১৩ সালে অনুষ্ঠিতব্য এইচ এস সি পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি ঃ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর- এর আওতাভুক্ত কলেজ সমূহের অধ্যক্ষ,অভিভাবক, ছাত্র/ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, ২০১৩ সালের অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক ছাত্র/ছাত্রীদের নির্বাচনী পরীক্ষা গ্রহণ, অন লাইনে পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম নিম্নবর্ণিত নীতিমালা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হ'ল।

ক্রমিক নং	কাজের বিবরণ	তারিখ
০১	রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত (রিটেইন্ড) পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে তালিকাভূক্তির আবেদনপত্র দাখিলের শেষ তারিখঃ	১৮-১১-২০১২
০২	জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ের পরীক্ষার্থী হিসেবে অংশগহণেচ্ছুক পরীক্ষার্থীদের নিজ নিজ কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ ঃ নোট ঃ যে সকল পরীক্ষার্থী ২০১২ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০১২ সালে আংশিক বিষয়ে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল ছাত্র/ছাত্রীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতোমধ্যে এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেও অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়।	১৮-১১-২০১২
০৩	রেজিষ্ট্রেশন নবায়নের শেষ তারিখ ঃ নোট ঃ ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে রেজিষ্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০১২ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিষ্ট্রেশন নবায়ন করে শুধু ২০১৩ সালে ঐ এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।	১৮-১১-২০১২
০৪	কলেজ অধ্যক্ষ কর্তৃক প্রাইভেট পরীক্ষার্থীদের তালিকা ২ (দুই) কপি এবং প্রতি পরীক্ষার্থী ১০০.০০ (একশ) টাকা হারে তালিকাভূক্তি ফিসের ব্যাংক ড্রাফট ক্রয়ের শেষ তারিখ	১০-১০-২০১২ (ইতিপূর্বে সম্পন্ন)
০৫	নির্বাচনী পরীক্ষা গ্রহণ শেষে ফল প্রকাশের শেষ তারিখ ঃ	১১-১২-২০১২
০৬	বিলম্ব ফি ছাড়া পরীক্ষার্থী নির্বাচন ও টিটি করার শেষ তারিখ ঃ	২৩-১২-২০১২
০৭	পরীক্ষার্থী প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে বিলম্ব ফিসসহ পরীক্ষার্থী নির্বাচন ও টিটি করার শেষ তারিখ ঃ	৩০-১২-২০১২
০৮	সকল পরীক্ষার্থীর ফিস বাবদ টিটির রশিদ বোর্ডে জমা দেয়ার শেষ তারিখ ঃ	০৬-০১-২০১৩
০৯	পরীক্ষার্থীদের ডাটা যশোর বোর্ডের ওয়েব সাইটে প্রেরণের শেষ তারিখ ঃ	০৮-০১-২০১৩

বি ঃ দ্র ঃ ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের রেজিষ্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা সর্বশেষ ২০১২ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে তারা রেজিষ্ট্রেশন নবায়ন করে শুধুমাত্র ২০১৩ সালে ঐ এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ২০১২ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিষ্ট্রেশন নবায়ন করে ২০১৩ সালের ঐ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

উল্লেখিত সময়সূচী অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। একই সাথে পরীক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে জানানো যাচ্ছে যে, ২০১২ সালের ন্যায় ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কোন পরীক্ষার্থীর পরীক্ষা নিজ কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হবে না; পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে বোর্ডের নির্দেশিত কেন্দ্রে আসন বিন্যাস করা হবে। কোন টেক্সট বই, নোট বই, গাইড বই, সাজেশন বই ইত্যাদি থেকে হুবহু প্রশ্ন উদ্ধৃত করা হবে না। গণিতের প্রশ্নের সংখ্যা বা অন্য বোন বিষয়ের অংকের সংখ্যা টেক্সট বই, নোট বই, গাইড বই, সাজেশন বই ইত্যাদি থেকে হুবহু প্রশ্ন উদ্ধৃত করা হবে না। পরিবর্তিত প্রেক্ষাপটে সমগ্র পাঠ্যসূচীর উপর নির্বাচনী পরীক্ষায় বিশ্লেষণধর্মী প্রশ্নপত্র প্রণয়নে যত্নবান হওয়ার এবং ফল প্রকাশে গ্রেডিং পদ্ধতি অবলম্বনের জন্যে প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকমন্ডলীকে অনুরোধ করা হ'ল।

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন-০৪২১-৬৮৬৬৬

স্মারক নং ঃ উমা/পনি/বিজ্ঞপ্তি/১৭১২ *তারিখ ঃ ৮/১১/১২*

বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর- এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে জানান যাচ্ছে যে, ২০১৩ সালে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা আরম্ভ হওয়ার সম্ভাব্য তারিখসহ পরীক্ষায় পরীক্ষার্থী নির্বাচন, এবং বিভিন্ন কার্যক্রম নিম্নেবর্ণিত নীতিমালা মোতাবেক যথাসময়ে সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হ'ল ঃ

(ক) পরীক্ষা আরম্ভ হওয়ার সম্ভাব্য তারিখ ঃ ০১ এপ্রিল - ২০১৩

(খ) বিলম্ব ফিস ছাড়া পরীক্ষার্থীদের টি টি করার শেষ তারিখ ঃ ২৩-১২-২০১২

(গ) পরীক্ষার্থী প্রতি ১০০/- টাকা হারে বিলম্ব ফিসসহ টি টি করার শেষ তারিখ ঃ ৩০-১২-২০১২

২. **Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন** ঃ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত probable list যশোর শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে (www.jessoreboard.gov.bd) দেয়া হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ১২-১২-২০১২ থেকে ৩০-১২-২০১২ তারিখের মধ্যে Online এ পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। নির্বাচিত পরীক্ষার্থীর তালিকা কলেজ কর্তৃক মূদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করবেন। প্রয়োজনে চাহিবা মাত্র নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা বোর্ডে জমা দিতে হবে। Online এ পরীক্ষার্থী নির্বাচন সংক্রান্ত নিয়মাবলী ওয়েব সাইটে ০৮-১২-২০১২ তারিখের মধ্যে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৩. **পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা ঃ**

(ক) **নিয়মিত পরীক্ষার্থী ঃ**

কেবলমাত্র ২০১১-২০১২ শিক্ষাবর্ষে নিবন্ধনধারী শিক্ষার্থীরা ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

(খ) **অনিয়মিত (রিটেইন্ড/ডিটেইন্ড) পরীক্ষার্থী ঃ**

২০০৭-২০০৮, ২০০৮-২০০৯, ২০০৯-২০১০ ও ২০১০-২০১১ শিক্ষাবর্ষে নিবন্ধনধারী শিক্ষার্থীদের মধ্যে যারা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশ গ্রহণ করেনি তারা ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় নিজ নিজ কলেজের মাধ্যমে অনিয়মিত (রিটেইন্ড/ডিটেইন্ড) পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

(গ) অকৃতকার্য ও ক্যাজুয়াল পরীক্ষার্থীদের পূর্ববর্তী বছরের প্রবেশপত্রে উল্লিখিত বিষয় সমূহ কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না। (নিবন্ধন রশিদ অনুযায়ী)

(ঘ) ইতিপূর্বে Online এ নিবন্ধনের জন্য স্ব-স্ব প্রতিষ্ঠানে প্রদত্ত Password ব্যবহার করে পরীক্ষার্থী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৪. **বিশেষ পরীক্ষার্থী ঃ (এক/দুই বিষয়)**

(ক) ২০১১ ও ২০১২ সালে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের মধ্যে যারা এক/দুই বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য তারা নিবন্ধনের মেয়াদ থাকা সাপেক্ষে নিজ কলেজের মাধ্যমে ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় এক/দুই বিষয়ে পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। তবে ইচ্ছা করলে সকল বিষয়েও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) ২০১২ সালে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় এক/দুই বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করে আংশিক বিষয়ে কৃতকার্য হয়েছে নিবন্ধনের মেয়াদ থাকলে অবশিষ্ট অকৃতকার্য বিষয়ে ২০১৩ সালে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা চতুর্থ বিষয়ে অংশগ্রহণ করতে পারবে না।

৫. **নিবন্ধন ঃ**

(ক) ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের পূর্বের রেজিষ্ট্রেশন প্রাপ্ত এবং (এক বিষয়ে অকৃতকার্য) কোন পরীক্ষার্থী ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিবন্ধন নবায়ন করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(খ) জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের নতুন করে রেজিষ্ট্রেশন করার প্রয়োজন নেই। তাদের ক্ষেত্রে পূর্বের রেজিষ্ট্রেশন নম্বর উল্লেখ করতে হবে। মেয়াদ উত্তীর্ণ রেজিষ্ট্রেশনধারীরা জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(গ) ১. রেজিষ্ট্রেশন নবায়ন ফিস প্রতি পরীক্ষার্থী ঃ ২০০/- টাকা

২. রেজিষ্ট্রেশন নবায়নের ফিস দাখিলের শেষ তারিখ ঃ ৩০-১২-২০১২

৩. বিলম্ব ফিস প্রতি পরীক্ষার্থী ঃ ১০০/- টাকা

৪. নন কলেজিয়েট ফিস প্রতি পরীক্ষার্থী ঃ ১০০/- টাকা

৬. **নিবন্ধন নবায়ন ঃ**

(ক) ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের রেজিষ্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে রেজিষ্ট্রেশনের মেয়াদ শেষ এবং ২০১২ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ৩০-১১-২০১২ তারিখের মধ্যে ২০০/- (দুইশত) টাকা ফিস প্রদান পূর্বক রেজিষ্ট্রেশন নবায়ন করে ২০১৩ সালে শুধুমাত্র ঐ এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১১ সালের এইচএসসি পরীক্ষায় ১ থেকে ২ বিষয়ে অকৃতকার্য এবং ২০১২ সালের এইচএসসি পরীক্ষায় ঐ ১ থেকে ২ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিস্কৃত এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত (যশোর শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রদত্ত) মোতাবেক কেবলমাত্র ২০১২ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলে তাদের ২০১৩ সালের এইচএসসি পরীক্ষায় সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। রেজিষ্ট্রেশনের মেয়াদ না থাকলে মেয়াদ নবায়ন করা যাবে না।

অপর পাতায়-

(গ) যে সকল পরীক্ষার্থী ২০১১ সালের এইচএসসি পরীক্ষায় ১ থেকে ২ বিষয়ে (ঐচ্ছিক বিষয় ছাড়া) অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে তারা ২০১৩ সালের অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় জিপিএ উন্নয়নের জন্য অংশ গ্রহণ করতে পারবে না।

(ঘ) যে সকল পরীক্ষার্থী ২০০৯, ২০১০,২০১১ সালের এইচএসসি পরীক্ষায় ১ থেকে ২ বিষয়ে (৪র্থ বিষয় ছাড়া) অকৃতকার্য হয়ে ২০১২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেনি রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৩ সালে এইচএসসি পরীক্ষায় উক্ত এক থেকে দুই বিষয়ে (৪র্থ বিষয় ছাড়া) অথবা সকল বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে। জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।

(ঙ) যে সকল পরীক্ষার্থী ২০০৯, ২০১০,২০১১ সালের এইচএসসি পরীক্ষায় ১ থেকে ২ বিষয়ে (৪র্থ বিষয় ছাড়া) অকৃতকার্য হয়ে ২০১২ সালের এইচএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করে ঐ এক থেকে দুই বিষয়ে (৪র্থ বিষয় ছাড়া) পরীক্ষা দিয়ে আংশিক বিষয়ে কৃতকার্য হয়েছে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০১৩ সালের এইচএসসি পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

(চ) যে সকল পরীক্ষার্থী ২০১২ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ অথচ ঐচ্ছিক (চতুর্থ) বিষয়ে অকৃতকার্য রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলেও তারা ২০১৩ সালের এইচএসসি পরীক্ষায় উক্ত ঐচ্ছিক (চর্তর্থ) বিষয়ে অংশগ্রহণ করতে পারবে না।

(ছ) আংশিক বিষয়ে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীরা চতুর্থ বিষয় পরীক্ষা দিতে পারবে না।

৭. **জিপিএ উন্নয়ন ঃ**

নিবন্ধন মেয়াদ থাকা সাপেক্ষে ২০১২ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় যে সব পরীক্ষার্থী উত্তীর্ণ কিন্তু GPA -5 (Five) এর কম পেয়েছে কেবলমাত্র তারা GPA উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে নিজ কলেজের মাধ্যমে ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় সব বিষয়ে অংশগ্রহণ করতে পারবে। তাদেরকে তালিকাভূক্তি ফিস ১০০/- টাকাসহ যাবতীয় ফিস নিজ কলেজের অধ্যক্ষের নিকট জমা দিতে হবে। কোন অবস্থাতেই কলেজ, কেন্দ্র কিংবা বিষয় পরিবর্তন করা যাবে না।

৮. **পাঠ্যক্রম ও পাঠ্যসূচি ঃ**

১) বাংলা ১ম
ক) বাংলা ১ম পত্রে ২০১০-২০১১, ২০১১-২০১২ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী এবং প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০১৩ সালের সিলেবাস অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।
খ) বাংলা ১ম পত্র ২০০৭-২০০৮, ২০০৮-২০০৯,২০০৯-২০১০ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১১ সালের সিলেবাস অনুযায়ী পুরাতন পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।

২) রসায়ন, পৌরনীতি, ব্যবসায়নীতি ও প্রয়োগ
ক) রসায়ন, পৌরনীতি, ব্যবসায়নীতি ও প্রয়োগ বিষয়ে ২০১১-২০১২ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীরা এবং ২০১৩ সালের প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০১৩ সালের সিলেবাস অনুযায়ী সৃজনশীল পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।
খ) রসায়ন, পৌরনীতি, ব্যবসায়নীতি ও প্রয়োগ বিষয়ে ২০০৭-২০০৮,২০০৮-২০০৯,২০০৯-২০১০ ও ২০১০-২০১১ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীরা এবং ২০১২ সালের নিবন্ধন নবায়নকৃত প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ২০১২ সালের সিলেবাস অনুযায়ী পুরাতন পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।

৩) কম্পিউটার শিক্ষা ১ম ও ২য়
ক) কম্পিউটার শিক্ষা ১ম ও ২য় পত্রের প্রশ্নপত্র ২০১১-২০১২ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৩ সালের নতুন সিলেবাস অনুযায়ী প্রণীত হবে।
খ) ২০০৭-২০০৮, ২০০৮-২০০৯, ২০০৯-২০১০ ও ২০১০-২০১১ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য কম্পিউটার শিক্ষা ১ম ও ২য় পত্রে ২০১১ সালের পুরাতন সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র প্রণীত হবে।

বিশেষ দ্রষ্টব্য ঃ

রসায়ন, পৌরনীতি, ব্যবসায়নীতি ও প্রয়োগ এবং কম্পিউটার শিক্ষা ব্যতীত অন্য সকল বিষয় ২০০৭-২০০৮,২০০৮-২০০৯,২০০৯-২০১০, ২০১০-২০১১ এবং ২০১১-২০১২ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের জন্য ২০১৩ সালের সিলেবাস অনুযায়ী পুরাতন পদ্ধতিতে প্রশ্নপত্র প্রণীত হবে।

৯. **পরীক্ষার ফি এর হার ঃ**

পরীক্ষার্থীর প্রকার	পরীক্ষার ফি (প্রতি পত্র)	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফিস (জনপ্রতি)	সনদপত্র ফিস (জনপ্রতি)	ব্যবহারিক ফিস (প্রতি পত্র)	অনুমতি ফি/তালিকাভূক্তি ফিস (জনপ্রতি)	অনিয়মিত ফিস (জনপ্রতি)	রোভার স্কাউট/রেঞ্জার ফিস (জনপ্রতি)	জাতীয় শিক্ষা সপ্তাহ ফিস (জনপ্রতি)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
নিয়মিত পরীক্ষার্থী	৭৫/-	৪৫/-	১০০/-	৪০/-	-	-	১৫/-	০৫/-
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপুরর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করেনি	৭৫/-	৪৫/-	১০০/-	৪০/-	-	১০০/-	১৫/-	০৫/-
অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপুরর্ব পরীক্ষায় অংশ গ্রহণ করেছে	৭৫/-	৪৫/-	--	৪০/-	-	১০০/-	১৫/-	০৫/-
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী	৭৫/-	৪৫/-	১০০/-	৪০/-	১০০/-	-	১৫/-	০৫/-
প্রাইভেট পরীক্ষার্থী	৭৫/-	৪৫/-	১০০/-	-	১০০/-	-	১৫/-	০৫/-

বিঃ দ্রঃ যে সকল ছাত্র/ছাত্রী ২০১২ সালের পরীক্ষায় অংশগ্রহণের জন্যে ফিসসহ আবেদন ফরম পূরণ করেছিল (জিপিএ উন্নয়ন ছাড়া) এবং ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে সনদ ফিস প্রদান করতে হবে না।

প্রাইভেট পরীক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষার ফি ঃ

(ক) যাদের নির্বচনী পরীক্ষা আছে (প্রতি পরীক্ষার্থী) = ১০০/- টাকা

(খ) যাদের নির্বচনী পরীক্ষা নেই তাদের জন্য ব্যবস্থাপনা ফি (প্রতি পরীক্ষার্থী) = ৮০/- টাকা

১০. কেন্দ্র ফিস ঃ

(ক) সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই (জনপ্রতি) ২৫০/- টাকা ।

(খ) সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে (জনপ্রতি) ৩০০/- টাকা।

(গ) ডিআইবিএস পরীক্ষার কেন্দ্র ফিস জন প্রতি ৩৫০/- টাকা ।

কেন্দ্র ফিস বাবদ আদায়কৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক উভয় প্রকার পরীক্ষায় যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। বোর্ড থেকে কোনরূপ অনুদান প্রদান করা হবে না। প্রশ্নপত্র আনয়ন, বোর্ড থেকে সাদা উত্তরপত্র গ্রহণ ইত্যাদিসহ পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফিস থেকে সম্পন্ন করতে হবে অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফিস হতে সংকুলান করতে হবে।

১১. পরীক্ষার ফিস জমা দেওয়ার নিয়মাবলী ঃ

ইতিপূর্বে Online এ নিবন্ধনের ন্যায় পরীক্ষার ফিস সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা থেকে সচিব,যশোর শিক্ষা বোর্ডের অনুকুলে সোনালী ব্যাংক লিঃ, বিআইএসই যশোর শাখায় পরিচালিত STD-4 নম্বর একাউন্টে টি.টি মারফত জমা দিতে হবে।

১২. বিশেষ দৃষ্টি আকর্ষণ ঃ

Online এ শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ছাত্র/ছাত্রীদের নাম, পিতার নাম, মাতার নাম এবং বিষয় কোড ও গুচ্ছ সংক্রান্ত সকল তথ্য সঠিক আছে কিনা তা বার বার নিরীক্ষা করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হ'ল। গুচ্ছ বিভ্রাট সংক্রান্ত যেকোন জটিলতার জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবেন। সকল প্রকার পরীক্ষার্থীর নাম, পিতার নাম, মাতার নামের বানান এসএসসি বা সমমানের সনদের অনুরূপ হবে। এ সব কাজে প্রতিষ্ঠান প্রধানকে সঠিক তথ্যাদি সম্পর্কে নিশ্চিত থাকতে হবে।

১৩. অন্ধ পরীক্ষার্থীদের স্ক্রাইব নিয়োগ ঃ

অন্ধ ও লিখতে অক্ষম পঙ্গু পরীক্ষার্থীদের লেখক (স্ক্রাইব) দশম শ্রেণীরছাত্র-ছাত্রীদের মধ্য হতে নির্বাচন করতে হবে। এজন্যে নির্বাচিত ছাত্র/ছাত্রীদের পূর্ণ বিবরণ (প্রধান শিক্ষক কর্তৃক ইস্যুকৃত) ও দুই কপি সত্যায়িত ফটোসহ দরখস্ত সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য ২৭-০২-২০১৩ তারিখের মধ্যে পৃথকভাবে বোর্ডে পৌছাতে হবে। কোন মাধ্যমিক পরীক্ষার্থীকে স্ক্রাইব হিসেবে নির্বাচন করা যাবে না।

১৪. ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় পরীক্ষার্থী নির্ণয় সংক্রান্ত নিয়মাবলী ঃ

ক) পরীক্ষায় পাঠ্যক্রম ও পাঠ্যসূচীতে বর্ণিত বিধান বা গুচ্ছ অনুসারে অবশ্যই নৈর্বাচনিক ও ঐচ্ছিক ও ৪র্থ বিষয়ের নাম থাকতে হবে এবং এ ব্যাপারে প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করতে হবে যেন তালিকায় বর্ণিত বিষয়সমূহ পাঠ্যক্রম ও পাঠ্যসূচীর সাথে সামঞ্জস্যপূর্ণ হয়। পাঠ্যক্রম ও পাঠ্যসূচীর সাথে বিষয়/গুচ্ছ সমূহের সামঞ্জস্য না থাকলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ সম্পূর্ণভাবে দায়ী থাকবেন।

খ) ক্যাজুয়াল পরীক্ষার্থীগণ কোন বিষয় পরিবর্তন করতে পারবে না। ২০০৭-২০০৮ হতে ২০১০-২০১১ শিক্ষাবর্ষের সকল নিবন্ধনকৃত ছাত্র/ছাত্রী (পরীক্ষায় অংশগ্রহণ করুক বা না করুক) ক্যাজুয়াল হিসাবে গণ্য হবে।

গ) জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী, পুলিশ, প্রতিরক্ষা বাহিনীর সদস্য, অন্ধ প্রার্থী ও একাধিক্রমে তিন বছর শিক্ষকতা পেশায় নিয়োজিত শিক্ষকগণকে প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে না। তবে অন্যান্য পর্যায়ের প্রাইভেট, নিয়মিত, অনিয়মিত ছাত্র/ছাত্রীদের নির্বাচনী পরীক্ষায় অংশ নিতে হবে। প্রতিষ্ঠান প্রধান বিষয়টি নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীদের অবগতির জন্য অনুগ্রহপূর্বক পূর্বহ্নেই বিজ্ঞপ্তি দেবেন।

ঘ) এসএসসি/সমমানের সনদপত্র অনুযায়ী যাতে পরীক্ষার্থীর তথ্যাদি নির্বাচন নির্ভুলভাবে পূরণ করা হয় সেজন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ সংশ্লিষ্ট শিক্ষক ও অফিস সহারীকে নির্দেশনা প্রদান করবেন।

ঙ) যেকোন তথ্যের জন্য পরীক্ষা নিয়ন্ত্রক (০৪২১-৬৮৬৬৬ ও ০১৯১১-২১৩৫২৫) ও উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চ মাধ্যমিক) এর সঙ্গে ০৪২১-৬৮৬৬৮ নম্বরে যোগাযোগ করা যাবে।

১৫। প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য ঃ

ক) প্রাইভেট পরীক্ষার্থীদের নিবন্ধন রশিদ বোর্ড থেকে গ্রহণের তারিখ ঃ ১৫-১২-২০১২।

খ) উচ্চ মাধ্যমিক শ্রেণীতে কোন কলেজ/প্রতিষ্ঠান ভর্তিকৃত ছাত্র/ছাত্রী ০২ (দুই) বছরের কোর্স সমাপ্ত করে পরীক্ষায় অবতীর্ণ হয়ে অকৃতকার্য হলে কিংবা পরীক্ষা না দিয়ে ভর্তি/ রেজিষ্ট্রেশন বাতিল করে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে পরীক্ষা দিতে চাইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান যদি এ মর্মে সার্টিফিকেট প্রদান করেন যে. সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রী উচ্চ মাধ্যমিক শ্রেণীর ....শাখায় ০২ (দুই) বছরের কোর্স সমাপ্ত করেছে অথচ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করেনি।

গ) বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র বোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থিত পরীক্ষার অন্তত পক্ষে দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজে শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিষ্কার হয়নি অথবা হয়ে থাকলেও এর মেয়াদ শেষ হয়ে গেছে এবং ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ভুয়া তথ্য প্রদান করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

ঘ) প্রাইভেট ছাত্র/ছাত্রীরা ইতোপূর্বে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণ করেছে কিনা তা নির্ণয় করার সুবিধার্থে তাদের জমা দেয়া সত্যায়িত নম্বর ফর্দ/ডুপ্লিকেট একাডেমিক ট্রান্সক্রিপ্ট পিছনে "২০১৩ সালে প্রাইভেট পরীক্ষায় অংশগ্রহণকৃত" কথাটি লিখে কেন্দ্র প্রধান অনুগ্রহপূর্বক সীলস্বাক্ষর দেবেন।

ঙ) এইচএসসি অথবা সমমানের পরীক্ষায় (মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা) পাসের পর তৃতীয় বছরে কোন প্রার্থী পরীক্ষা দিতে ইচ্ছুক বাংলাদেশের নাগরিক ক) পুরুষ খ)মহিলা গ) শিক্ষক ঘ) প্রতিরক্ষা বাহিনীতে (সশস্ত্র বাহিনী, বাংলাদেশ রাইফেলস, পুলিশ ও অনসার বাহিনীতে কর্মরত ব্যক্তিগণ) এবং ঙ) অন্ধ পরীক্ষার্থীগণ ২০১৩ সালে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় নতুন সিলেবাসে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

চ) শিক্ষক, প্রতিরক্ষা বাহিনীতে (সশস্ত্র বাহিনী, বাংলাদেশ রাইফেলস, পুলিশ ও আনসার বাহিনীতে কর্মরত ব্যক্তিগণ) ও অন্ধ পরীক্ষার্থীগণ কেবলমাত্র মানবিক বিভাগে এবং অন্যান্য পর্যায়ের প্রার্থীগণ মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগে পরীক্ষা দিতে পারবে। যে সকল বিষয়ে ব্যবহারিক পরীক্ষা আছে প্রাইভেট পরীক্ষার্থীগণ ঐ সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। প্রাইভেট পরীক্ষার্থীরা ৪র্থ বিষয়ে পরীক্ষা দিতে পারবে না।

ছ) বোর্ডের নিয়মানুযায়ী সকল প্রকার পরীক্ষার্থীর নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র ২০১৩ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ থেকে ৯০ (নব্বই) দিন পর্যন্ত সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

জ) প্রাইভেট পরীক্ষার্থীরা জিপিএ উন্নয়ন কিংবা ক্যাজুয়াল হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

ঝ) প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষার্থীর বিবরণী ফরমের সাথে অবশ্যই তাদের এসএসসি অথবা সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদপত্রের মূলকপি জমা দিতে হবে। যারা একবার পরীক্ষায় অংশগ্রহণ করেছে তাদের ক্ষেত্রে **কেবলমাত্র মূল প্রবেশপত্র দাখিল করতে হবে।**

১৬. প্রাইভেট পরীক্ষা দেয়ার জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত কলেজ সমূহ ঃ

০১। সাতক্ষীরা সরকারি কলেজ, সাতক্ষীরা।
০২। সরকারী পি. সি. কলেজ, বাগেরহাট।
০৩। কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
০৪। মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর।
০৫। চুয়াডাঙ্গা সরকারি কলেজ, চুয়াডাঙ্গা।
০৬। সরকারি সিটি কলেজ,যশোর।
০৭। ক্যান্টনমেন্ট কলেজ, যশোর। (প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত পরীক্ষার্থীদের জন্য)
০৮। বি. এ. এফ. শাহীন কলেজ, যশোর। (বিমান বাহিনীতে কর্মরত পরীক্ষার্থীদের জন্য)
০৯। সরকারিকে. সি. কলেজ, ঝিনাইদহ।
১০। সরকারি ভিক্টোরিয়া কলেজ, নড়াইল।
১১। সরকারি এইচ.এস.এস. কলেজ, মাগুরা।
১২। দৌলতপুর (দিবা-নৈশ) কলেজ, দৌলতপুর, খুলনা।

১৭. ইংরেজী মাধ্যমে পরীক্ষার্থী নির্বাচন ঃ

যে সকল কলেজে ইংরেজী মাধ্যমে অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থী আছে তাদেরকে বিষয়ভিত্তিক নিম্নবর্ণিত ছক অনুযায়ী বিজ্ঞপ্তি প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর হাতে প্রদান করতে হবে।

শাখা	ইংরেজী মাধ্যমের পরীক্ষার্থীর সংখ্যা	বিষয় ও বিষয় কোড ওয়ারী পরীক্ষার্থীর সংখ্যা	মন্তব্য

১৮. ২০১৩ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফলাফল প্রকাশ সংক্রান্ত
সকল প্রকার পরীক্ষার্থীর ফলাফল নিম্নোক্ত গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে ঃ

লেটার গ্রেড	প্রাপ্ত নম্বরের শ্রেণী ব্যাপ্তি	গ্রেড পয়েন্ট
A+	৮০-১০০	৫.০০
A	৭০-৭৯	৪.০০
A-	৬০-৬৯	৩.৫০
B	৫০-৫৯	৩.০০
C	৪০-৪৯	২.০০
D	৩৩-৩৯	১.০০
F	০০-৩২	০.০০

বিঃ দ্রঃ **উল্লেখ্য, ২০১২ সাল থেকে এইচএসসি পরীক্ষার হাজিরাপত্রে অতিরিক্ত উত্তরপত্রের ক্রমিক নম্বর না লিখে শুধুমাত্র অতিরিক্ত উত্তরপত্রের সংখ্যা লেখার জন্য নির্দেশ প্রদান করা হল। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।**

চেয়ারম্যানের আদেশক্রমে

(প্রফেসর মুহম্মদ আবু দাউদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন-০৪২১-৬৮৬৬৬
মোবাইল ঃ ০১৯১১-২১৩৫২৫
০১৭৩৩-২২২০০৩

স্মারক নং ঃ উমা/পনি/বিজ্ঞপ্তি/ *তারিখ ঃ*

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ

১. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর,বাংলাদেশ, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৪. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, **ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/মাদরাসা শিক্ষা বোর্ড।**
৫. জেলা প্রশাসক, খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/ কুষ্টিয়া/মেহেরপুর/ চুয়াডাঙ্গা/ যশোর/নড়াইল/মাগুরা/ঝিনাইদহ ।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক ,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, **ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/মাদরাসা শিক্ষা বোর্ড।**
৭. সিষ্টেম এনালিষ্ট, শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য বলা হ'ল।
৮. এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল কলেজের অধ্যক্ষগণ বোর্ডের ওয়েব সাইট হতে বিজ্ঞপ্তি সংগ্রহ করবেন।
৯. খুলনা/সাতক্ষীরা/বাগেরহাট/ কুষ্টিয়া/মেহেরপুর/ চুয়াডাঙ্গা/ যশোর/নড়াইল/মাগুরা/ঝিনাইদহ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার।
১০. এ বোর্ডের সকল কর্মকর্তাবৃন্দ।
১১. এ বোর্ডের সেকশন অফিসারবৃন্দ।
১২. ম্যানেজার, সোনালী ব্যাংক, বি.আই.এস.ই শাখা, নতুন উপশহর,যশোর।
১৩. এ বোর্ডের অনুসন্ধান শাখা।
১৪. এ বোর্ডের বিজ্ঞপ্তি ফলক।
১৫. সংশ্লিষ্ট নথি।

(শেখ মোঃ বদিউজ্জামান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উমা)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন-০৪২১-৬৮৬৬৮
মোবাইল ঃ ০১৯২৫-১৮৬৪৬৮